গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
রংপুর
dpe.rangpur.gov.bd

স্মারক নং- জেপ্রাশিঅ/রং/শিঃবি.মামলা/৩৪৫৪ তারিখ: ২২/০৯/২০২৪

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ মালেক মিয়া, সহকারী শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত), লোহাকুচি সরকারি প্রাথমিক বিদ্যালয়, মিঠাপুকুর, রংপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ধারা অনুযায়ী অসদাচরণের অভিযোগে ২০/০৮/২০২৫ তারিখে বিভাগীয় মামলা জেপ্রাশিঅ/রং/শিঃবি.মামলা/৩১১৬ রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন; এবং

যেহেতু, অভিযুক্ত সহকারী শিক্ষকের লিখিত জবাব, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং সার্বিক বিবেচনায় তাকে লঘুদন্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

সেহেতু, জনাব মোঃ মালেক মিয়া, সহকারী শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত), লোহাকুচি সরকারি প্রাথমিক বিদ্যালয়, মিঠাপুকুর, রংপুর-কে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার পূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(২)(খ) ধারা মোতাবেক তার বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য অর্থাৎ ২০২৬ সালের জুলাই হতে ২০২৮ সালের জুন পর্যন্ত স্থগিত করে বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হলো। ইহা তিনি ভবিষ্যতে প্রাপ্য হবেন না।

২। তাঁর সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকালীন হিসেবে গণ্য হবে।
২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ
মোঃ নজরুল ইসলাম
জেলা প্রাথমিক শিক্ষঅফিসার
রংপুর

স্মারক নং- জেপ্রাশিঅ/রং/শিঃবি.মামলা/৩৪৫৪(৭) তারিখ: ২২/০৯/২০২৪

সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
৩। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর।
(আদেশটি সংশ্লিষ্ট শিক্ষকের চাকরি বহিতে লিপিবদ্ধ করত: বেতন নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো)।
৪। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, মিঠাপুকুর, রংপুর।
৫। উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর।
৬। প্রধান শিক্ষক, লোহাকুচি সরকারি প্রাথমিক বিদ্যালয়, মিঠাপুকুর, রংপুর।
৭। জনাব মোঃ মালেক মিয়া, সহকারী শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত), লোহাকুচি সরকারি প্রাথমিক বিদ্যালয়, মিঠাপুকুর, রংপুর।
৮। সংরক্ষণ কপি।

২২/৯/২৪
মোঃ নজরুল ইসলাম
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
রংপুর
০২-৫৮৯৯৬২১৩৫
dpeorangp@gmail.com